দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

14 JUN 1988
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 4 ... ...

037

# এইচ এসসি পরীক্ষা॥আরো দেড় হাজার বহিষ্কৃত

**(নিজস্ব বার্তা পরিবেশক)**

গতকাল মঙ্গলবার এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে প্রায় দেড় হাজার পরীক্ষার্থী নকলের দায়ে বহিষ্কৃত হয়েছে।

যশোর বোর্ডের নিয়ন্ত্রণ কক্ষের সাথে গত রাতে যোগাযোগ করা হলে বলা হয়, শেষ খবর পাওয়া পর্যন্ত ১৬টি কেন্দ্র থেকে ১৫৩ জন বহিষ্কৃত হয়েছে। রাজশাহী থেকে নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, ৬২টি

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এইচ এস সি পরীক্ষা

(১ম পাতার পর)

কেন্দ্র থেকে ৫১২ জনকে বহিষ্কার করা হয়েছে। গোদাগাড়ী কলেজ থেকে পুলিশ দু'জন ভুয়া পরীক্ষার্থীকে গ্রেফতার করেছে। কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা ৬টি কেন্দ্র থেকে ৯৫ জন বহিষ্কারের খবর দিয়েছেন। ঢাকা বোর্ডের নিয়ন্ত্রণ কক্ষের সাথে যোগাযোগ সম্ভব হয়নি। তবে টাঙ্গাইল, মানিকগঞ্জ ও নারায়ণগঞ্জে দু'শর ওপর পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন ৫১৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

### কুমিল্লা

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, আজ এইচ এস সি পরীক্ষার ৩য় দিনে কুমিল্লা বোর্ডের ১টি বিশেষ পরিদর্শক দল চৌদ্দগ্রাম কেন্দ্র থেকে ৯ বস্তা নকল উদ্ধার করে। এই কেন্দ্র থেকে ২৩ জনকে বহিষ্কার করা হয়। মুরাদনগর কেন্দ্রে বহিষ্কৃত পরীক্ষার্থীরা অধ্যক্ষের বাস ভবনে চড়াও হলে পুলিশ ২জনকে গ্রেফতার করে। এ কেন্দ্র থেকে ৪২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বোর্ড নিয়ন্ত্রণ কক্ষ সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী জেলার ৬টি কেন্দ্র থেকে আজ ৯৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

### মানিকগঞ্জ

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান: উচ্চ মাধ্যমিক পরীক্ষার ৩য় দিনে মানিকগঞ্জের মহাদেবপুর ডিগ্রী কলেজ পরীক্ষা কেন্দ্রে অনুপস্থিতির সংখ্যা গতকাল বেড়েছে। ইংরেজী পরীক্ষার দিন ঐ কেন্দ্রে নকল করার সুযোগ না দেয়ার ফলে গতকাল কেন্দ্রে অনুপস্থিতির সংখ্যা বেড়েছে। ইংরেজী পরীক্ষার দিন ঐ কেন্দ্রে গোলযোগ হয়েছিল। গতকাল মহাদেবপুর পরীক্ষা কেন্দ্রে ৮শ' ৫১ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৫ জন অনুপস্থিত ছিল। এ ছাড়াও গতকাল এ কেন্দ্র থেকে ৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

টাঙ্গাইল জেলা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, টাঙ্গাইল জেলায় ১৬৪ জন পরীক্ষার্থী ১১টি কেন্দ্র থেকে গতকাল বহিষ্কৃত হয়েছে। মধুপুর কেন্দ্রে একজন পরীক্ষার্থী বহিষ্কারের পর বিষপান করে।

### বগুড়া

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান আজ বগুড়ায় নকলের দায়ে শেষ খবর পাওয়া পর্যন্ত বিভিন্ন কেন্দ্র থেকে ১শ ১৪জনকে বহিষ্কার করা হয়েছে। শিবগঞ্জ নশরতপুর, নন্দীগ্রাম ও শেরপুরসহ শহরের বাহিরের কেন্দ্রগুলোতে আজও শিক্ষকদের উপস্থিতিতে নকল করতে দেখা গেছে।

### বরিশাল

বরিশাল থেকে নিজস্ব সংবাদদাতা জানান, বরিশাল জেলার ১৬টি কেন্দ্রের মধ্যে এ পর্যন্ত প্রাপ্ত ৩টি কেন্দ্র থেকে ৪৫ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে।

মুলাদী কলেজ কেন্দ্রের ৪শ ৫০ জন পরীক্ষার্থীর মধ্যে আজ মাত্র ১০ জন পরীক্ষায় অংশ নেয়। গতকাল দুপুরে জেলা প্রশাসক ও যশোর বোর্ডের চেয়ারম্যানের নির্দেশে মুলাদী কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের বরিশাল শহরস্থ বিএম কলেজ কেন্দ্র থেকে পরীক্ষা দেয়ার জন্যে বলা হয়। পরীক্ষার্থীরা এই নির্দেশ সম্পর্কে অবহিত না থাকায় আজ সকালে পরীক্ষা দেয়ার জন্য মুলাদী পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়। উল্লেখ্য, মুলাদী থেকে বরিশাল যেতে লঞ্চযোগে ৪ ঘন্টা সময় লাগে।

### চট্টগ্রাম

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান, চট্টগ্রামের ১৫টি কেন্দ্র থেকে গতকাল ৫০ জনকে বহিষ্কার করা হয়েছে। সকালে হাটহাজারী পরীক্ষা কেন্দ্রে কতিপয় বহিরাগত কয়েক রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে। এতে কেউ আহত হয়নি। সীতাকুণ্ড পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা চলার সময় কয়েক দফা ইটপাটকেল নিক্ষেপ করা হয়।